নির্বাহী প্রকৌশলীর দপ্তর
নবাবগঞ্জ পওর বিভাগ
বাপাউবো, চাঁপাইনবাবগঞ্জ
আম বাগান ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

**ইজারা দরপত্র বিজ্ঞপ্তি নং- ০১/২০২৩-২৪**

স্মারক নং- নিঃপ্রঃ/পাউবো/চাঁঃনবাব/দ-২/১১১৫ তারিখঃ ৩০/০৭/২০২৩ ইং।

এতদ্বারা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের চাঁপাইনবাবগঞ্জ কলোনীস্থ আম বাগান ২২-০৮-২০২৩ ইং হইতে ২৮-০৭-২০২৬ ইং পর্যন্ত সময়কালের জন্য ইজারা প্রদানের নিমিত্তে সীলমোহরকৃত খামে যে কোন ব্যক্তি/ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট হইতে নিম্নবর্নিত শর্তাদি স্বাপেক্ষে দরপত্র আহবান করা যাইতেছে।

১। দরপত্র দাখিলের সময় উদ্ধৃত দরের ১০০% (শতকরা একশত) টাকাসহ উদ্ধৃত মূল্যের ১৫% (শতকরা পনের) টাকা ভ্যাট (মূল্য সংযোজন কর) এবং ৫% (শতকরা পাঁচ) টাকা আয়কর আলাদা আলাদা MICR নম্বর যুক্ত ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডার আকারে বাংলাদেশের যে কোন তফশীলভূক্ত ব্যাংক হইতে হিসাব রক্ষন কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, পাউবো, রাজশাহীর অনুকুলে MICR নম্বর যুক্ত ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডার আকারে দাখিল করিতে হইবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গন্য হবে।

২। ইহাছাড়া তাহার উপর সরকার কর্তৃক বিভিন্ন সময়ে আইন ও বিধি দ্বারা নির্ধারিত সকল প্রকারের কর প্রযোজ্য হবে।

৩। দরপত্র দলিল প্রতিসেট ১০০০/= (এক হাজার) টাকায় অগ্রনী ব্যাংক লিমিটেড, ওয়াপদা (ইরি) শাখা, সপুরা রাজশাহী এবং অগ্রনী ব্যাংক লিমিটেড, চাঁপাইনবাবগঞ্জ শাখা, চাঁপাইনবাবগঞ্জ হইতে ২০/০৮/২০২৩ ইং পর্যন্ত সকল কার্যদিবসে ক্রয় করা যাবে। দরপত্র দাখিলের দিনে কোন দরপত্র সিডিউল বিক্রি করা হবে না।

৪। নির্বাহী প্রকৌশলী, নবাবগঞ্জ পওর বিভাগ, পাউবো, চাঁপাইনবাবগঞ্জ এর দপ্তরে ২১/০৮/২০২৩ ইং ১৩-০০ ঘটিকা পর্যন্ত দরপত্র গ্রহন করা হবে এবং ঐ দিন ১৪-৩০ ঘটিকায় গৃহীত দরপত্র দরদাতাগনের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। কোন অস্বাভাবিক পরিস্থিতির কারণে উল্লেখিত তারিখ ও সময়ে দরপত্র দাখিল/গ্রহন সম্ভব না হলে পরবর্তীতে দিন ও তারিখ জানানো হবে।

৫। দরপত্রদাতাকে দরপত্র সিডিউলের নির্ধারিত স্থানে দর স্পষ্টভাবে অংকে ও কথায় লিপিবদ্ধ করিতে হবে। অস্পষ্ট ও কাটাকাটি দর গ্রহনযোগ্য হবে না। কোন কারনে লিখিত দর কাটাকাটি হইলে কাটাকাটি স্থানে অনুস্বাক্ষর করিয়া পুনরায় পরিষ্কার করিয়া উদ্বৃত দর লিপিবদ্ধ করিতে হবে। তবে অংকে ও কথায় লিখা দুই রকম হলে কথায় লিখাটিই গ্রহণযোগ্য হবে।

৬। উক্ত বাগানটির বর্তমান ইজারা মূল্য অবশ্যই ৪,০০,০০০/০০ (চার লক্ষ টাকা) এর বেশি হতে হবে।

৭। অতিরিক্ত শর্তাবলী দরপত্রের অংশ হিসাবে গন্য হবে। সর্বোচ্চ দরদাতার দর গ্রহনে কর্তৃপক্ষ বাধ্য নহেন। কোন কারন দর্শানো ব্যতিরেকেই যে কোন কিংবা সকল দরপত্র গ্রহন/বাতিলের সর্বময় ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষন করেন।

(মোঃ মোখলেছুর রহমান)
নির্বাহী প্রকৌশলী
নবাবগঞ্জ পওর বিভাগ
বাপাউবো, চাঁপাইনবাবগঞ্জ।

চলমান পাতা-২

# আম বাগান ইজারার দরপত্র বিজ্ঞপ্তির অতিরিক্ত শর্তাবলী

১। আম বাগানের চৌহদ্দি ঃ- ইজারাকৃত আম বাগানের চৌহদ্দি বলিতে পানি উন্নয়ন বোর্ডের নবাবগঞ্জস্থ কলোনীর চতুপার্শ্বস্থ সীমানা প্রাচীরের মধ্যে অবস্থিত কেবলমাত্র গাছে অংকিত নম্বর সংযুক্ত আমগাছগুলিই আম বাগান বুঝাবে।

২। ইজারা গ্রহীতা গাছের পরিচর্যা করিতে পারিবেন। তবে বাগানে আমের ফলন বৃদ্ধি/দ্রুত আম পাকানোর জন্য ক্ষতিকারক হরমন প্রয়োগ এবং গাছের ক্ষতি সাধন করে এমন কোন প্রকার ঔষুধ গাছে ব্যবহার করা যাবে না। গাছের ডালপালা কাটা বা গাছে কলম করা সম্পুর্নরুপে নিষিদ্ধ। ইজারা কালীন সময়ে প্রাকৃতিক দূর্যোগের ফলে বাগানের গাছপালার ক্ষতি হলে বা কোন গাছ মরিয়া গেলে কর্তৃপক্ষ তাহার জন্য কোন প্রকার ক্ষতিপূরন দিতে বাধ্য থাকিবে না এবং এতদবিষয়ে কোন দাবী গ্রহনযোগ্য বিবেচিত হবে না।

৩। আমবাগান পাহারায় নূন্যতম লোক নিয়োগ করা যাবে। পাহারায় নিয়োজিত ব্যক্তিদের পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি সদ্যতোলা ফটোগ্রাফ উপ-বিভাগীয় প্রকৌশলী, নবাবগঞ্জ পওর উপ-বিভাগ, বাপাউবো, চাঁপাই নবাবগঞ্জ এর দপ্তরে জমা দিয়া তাঁহার দপ্তর হতে পাহারার অনুমোদন ও পরিচয় পত্র সংগ্রহ করিতে হবে। উপ-বিভাগীয় প্রকৌশলীর অনুমোদন ব্যতিরেকে পাহারায় কোন লোক নিয়োগ করা যাবে না।

৪। কলোনীতে বসবাসরত কর্মকর্তা/কমৃচারীদের বা অফিসের শান্তি শৃংখলা ভঙ্গের জন্য ইজারা গ্রহনকারীর বিরুদ্ধে কর্তৃপক্ষ যে কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহন করিতে পারিবেন।

৫। প্রাকৃতিক কারনে বা অন্য কোন কারনে বাগানের কোন গাছ বা গাছের অংশবিশেষ (ডালপালা) ভাঙ্গিয়া গেলে ইহা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সম্পত্তি হিসাবে গন্য হবে এবং বিধি মোতাবেক পাউবোর স্থানীয় কর্তৃপক্ষ যথাযথ ব্যবস্থা গ্রহনের সকল ক্ষমতা সংরক্ষন করেন।

৬। সর্বোচ্চ দর গ্রহীতার দর মোতাবেক ৭ (সাত) দিনের মধ্যে সর্বোচ্চ দর গ্রহীতাকে ৩০০(তিন শত) টাকা মূল্যের নন-জুড়িশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করিতে হইবে এবং ১০০(এক শত) টাকা মূল্যের নন-জুড়িশিয়াল স্ট্যাম্পে মুসলেখা দিতে হবে। অন্যথায় বরাদ্দপত্র বাতিল বলিয়া গন্য হবে।

৭। দরপত্রের সহিত সংযুক্ত তফশীলের নির্ধারিত স্থানে দরপত্র দাতার স্থায়ী/অস্থায়ী ঠিকানা পরিস্কার ভাবে লিখিতে হবে এবং সকল পৃষ্ঠায় তারিখ সহ স্বাক্ষর করিতে হবে।

৮। ইজারা গ্রহীতা কোন ক্রমেই ইজারা প্রাপ্ত ফলবাগান সাব-লীজ দিতে পারবে না। ইজারা গ্রহীতা সাব-লীজ প্রদান করলে কোন প্রকারের নোটিশ ছাড়া ইজারা বাতিল বলে গণ্য হবে।

৩০/৭/২০২৩

(মোঃ মোখলেছুর রহমান)
নির্বাহী প্রকৌশলী
নবাবগঞ্জ পওর বিভাগ
বাপাউবো,চাঁপাইনবাবগঞ্জ।

চলমান পাতা-৩

স্মারক নং- নিঃপ্রঃ/পাউবো/চাঁঃনবাব/দ-২/ ১১২৫/১ (২৮) তারিখ-৩০/০৭/২০২৩ ইং।

অনুলিপি সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য অনুরোধসহ প্রেরন করা হলো ঃ

১। প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী।
২। পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাজশাহী পওর সার্কেল, বাপাউবো, রাজশাহী।
৪। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।
৫। পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ।
৬-৮। নির্বাহী প্রকৌশলী, রাজশাহী/নাটোর/নওগাঁ পওর বিভাগ, বাপাউবো, রাজশাহী/নাটোর/নওগাঁ।
৯। নির্বাহী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, চাঁপাইনবাবগঞ্জ।
১০। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ।
১১। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ।
১২। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ।
১৩। নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, চাঁপাইনবাবগঞ্জ।
১৪। উপ-সচিব, পওর-২, পাউবো, ওয়াপদাভবন, ঢাকা।
১৫-১৮। উপজেলা নির্বাহী অফিসার, চাঁপাই নবাবগঞ্জ সদর/শিবগঞ্জ/নাচোল/গোমস্তাপুর/ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ।
১৯। মেয়র, চাঁপাই নবাবগঞ্জ পৌরসভা, চাঁপাই নবাবগঞ্জ।
২০-২১। উপ-বিভাগীয় প্রকৌশলী, নবাবগঞ্জ পওর উপ-বিভাগ/ভোলাহাট পওর উপ-বিভাগ, বাপাউবো, চাঁপাইনবাবগঞ্জ।
২২। ম্যানেজার অগ্রনী ব্যাংক লিমিটেড, ওয়াপদা (ইরিগেশন) শাখা, সপুরা, রাজশাহী। ৫(পাঁচ) সেট দরপত্র সিডিউল প্রতি সেট ১০০০/০০ (এক হাজার) টাকা দরে ২০/০৮/২০২৩ ইং তারিখ কার্যদিবস পর্যন্ত সকল আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট বিক্রয়ের ব্যবস্থা গ্রহনের জন্য অত্রসাথ প্রেরন করা হলো। দরপত্র সিডিউল বিক্রির প্রাপ্ত অর্থ হিসাব রক্ষন কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, পাউবো, রাজশাহীর অনুকূলে MICR নম্বর যুক্ত ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার আকারে জমা দিয়ে ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার এর কপি এবং বিক্রিত ও অবিক্রিত দরপত্র সিডিউলের হিসাবসহ অবিক্রিত দরপত্র সিডিউল অত্র দপ্তরে ফেরৎ প্রদানের জন্য অনুরোধ করা হলো।
২৩। ম্যানেজার অগ্রনী ব্যাংক লিমিটেড, চাঁপাইনবাবগঞ্জ শাখা, চাঁপাইনবাবগঞ্জ। ১৫ (পনের) সেট দরপত্র সিডিউল প্রতি সেট ১০০০/০০ (এক হাজার) টাকা দরে ২০/০৮/২০২৩ ইং তারিখ কার্যদিবস পর্যন্তসকল আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট বিক্রয়ের ব্যবস্থা গ্রহনের জন্য অত্রসাথ প্রেরন করা হলো। দরপত্র সিডিউল বিক্রির প্রাপ্ত অর্থ হিসাব রক্ষন কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, পাউবো, রাজশাহীর অনুকূলে MICR নম্বর যুক্ত ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার আকারে জমা দিয়ে ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার এর কপি এবং বিক্রিত ও অবিক্রিত দরপত্র সিডিউলের হিসাবসহ অবিক্রিত দরপত্র সিডিউল অত্র দপ্তরে ফেরৎ প্রদানের জন্য অনুরোধ করা হলো।
২৪। হিসাব রক্ষন কর্মর্কতা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, রাজশাহী।
২৫-২৭। প্রাক্কলনিক/ সহকারী রাজস্ব কর্মকর্তা/ হিসাব করণিক, নবাবগঞ্জ পওর বিভাগ, বাপাউবো, চাঁপাইনবাবগঞ্জ।
২৮। সভাপতি/সাধারন সম্পাদক, ঠিকাদার সমিতি, চাঁপাইনবাবগঞ্জ।
২৯। জনাব/জনাবা, ...........................................................................................................।

৩০/৭/২৩

নির্বাহী প্রকৌশলী
নবাবগঞ্জ পওর বিভাগ
বাপাউবো, চাঁপাইনবাবগঞ্জ।

G:\autorun.inf\ma\s\Nilam\Nilam.doc